

শিবালয়ে শতাধিক স্কুল শিক্ষার্থী অসুস্থ

মানিকগঞ্জ প্রতিনিধি

মানিকগঞ্জের শিবালয় উপজেলার আমডালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২৬০ জন ছাত্রছাত্রীকে কুমিনাশক (অ্যালবেরমবাক্সল) ট্যাবলেট খাওয়ানোর পর তাদের মধ্যে শতাধিক শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ে। তাদের মধ্যে ৭০ জনকে উপশী হাসপাতালে ভর্তি করা হয়েছে। সরকারের কুল হেলথ সার্ভিস প্রোগ্রামের আওতায় বিনামূল্যে ওই ওষুধ খাওয়ানোর পর সবাই অসুস্থ হয়ে পড়ে। বিনামূল্যে ও হাসপাতাল দ্বারা জানা গেছে, অসুস্থ : গৃহী ১০ : কলাম ২



বাংলার জেথ ডটকম

কুমিনাশক ট্যাবলেট খেয়ে অসুস্থ স্কুল শিক্ষার্থীদের কয়েকজন

অসুস্থ : শিবালয়ে

(১ম পৃষ্ঠার পর)

মঙ্গলবার সকালে আমডালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২৬০ জন ছাত্রছাত্রীকে সরকারি এক প্রোগ্রামের আওতায় কুমিনাশক ট্যাবলেট খাওয়ানো হয়। ওষুধ সেবনকারী অধিকাংশ ছাত্রছাত্রী পেটের ব্যথা, বমি এবং মাথাব্যথা অনুভব করতে থাকে। এক পর্যায়ে অসুস্থ ছাত্রছাত্রীদের অবস্থার অবনতি ঘটলে তাদের স্থানীয় উপশী হাসপাতালে নেয়া শুরু হয়। কুল কর্তৃপক্ষ রিকশা ও ড্যানফোনে একের পর এক ৭০ জনকে চিকিৎসার জন্য উপশী হাসপাতালে নিয়ে যান। ডাক্তাররা অসুস্থ সবাইকে স্যালাইন দিয়ে চিকিৎসাসেবা প্রদান শুরু করেন। হাসপাতালের আনুষঙ্গিক খেজিরে অফিসার আরগান উল্লাহ জানান, ওষুধের কোন পার্শ্বপ্রতিক্রিয়ায় তারা অসুস্থ হয়নি। তিনি এটাকে মনস্তাত্ত্বিক রোগ হিসেবে অভিহিত করেন। তিনি আরও জানান, কুমিনাশক যে ট্যাবলেট ছাত্রছাত্রীদের খাওয়ানো হয়েছে তার মেয়াদ আগামী ২০০৯ সালে শেষ হবে। অপরদিকে মানিকগঞ্জ সদর হাসপাতালের একজন ডাক্তার জানান, একসঙ্গে বিশৃঙ্খলিত রোগীর মনস্তাত্ত্বিক রোগ হতে পারে না। ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়া কিংবা খাওয়ানোর নিয়মের ভেঙে যাওয়ার কারণে এমনটি হতে পারে। একসঙ্গে অধিকসংখ্যক রোগী ভর্তি হওয়ায় বেডে স্থান না পেয়ে অসুস্থ ছাত্রছাত্রীদের হাসপাতালের ফ্লোর ওয়ে চিকিৎসা নিতে হয়েছে। অসুস্থ ছাত্রছাত্রীদের অবস্থা দেখতে বিভিন্ন সার্জন মোঃ জামাল উদ্দিন, পুলিশ সুপার শেখ মুহাম্মদ আরফ হাসান, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ সুলতান নিয়া প্রমুখ হাসপাতাল পরিদর্শন করেছেন।